

কমিউনিটি স্বাস্থ্যকর্মী সম্মেলনের ওয়েবসাইট উদ্বোধন

স্টাফ কoresপন্ডেন্ট | বাংলাদেশজটোয়েন্টিফোর.কম

আপডেট: ২০১৯-০১-৩১ ৭:০৬:৫৪ পিএম

ঢাকা: দ্বিতীয় আন্তর্জাতিক কমিউনিটি-ভিত্তিক স্বাস্থ্যকর্মী সম্মেলন ২০১৯- এর ওয়েবসাইট উদ্বোধন করা হয়েছে। আগামী ২২-২৪ নভেম্বর রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে এ সম্মেলন অনুষ্ঠিত হবে।

আন্তর্জাতিক উদারাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশের (আইসিডিডিআর,বি), জাতীয় স্বাস্থ্য অধিদপ্তর, জেমস পি গ্র্যান্ট স্কুল অব পাবলিক হেলথ, ব্র্যাক বিশ্ববিদ্যালয় এবং সেইভ দ্য চিল্ড্রেন-এর যৌথ উদ্যোগে এ সম্মেলন অনুষ্ঠিত হবে।

সম্মেলনে বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশ থেকে আগ্রহীরা

ব্যক্তিরা <http://chwsymposium2019.icddr.org> ওয়েবসাইটের মাধ্যমে নিবন্ধন, পোস্টার ও সারসংক্ষেপ জমা দেওয়াসহ আর্থিক সহযোগিতা করতে পারবেন।

বৃহস্পতিবার (৩১ জানুয়ারি) প্রেস বিজ্ঞপ্তিতে আইসিডিডিআর,বি বিষয়টি জানায়। এ ওয়েবসাইটে কমিউনিটি-ভিত্তিক স্বাস্থ্য কর্মীদের ঐতিহাসিক গুরুত্ব, ইতোপূর্বে অনুষ্ঠিত সম্মেলনের বিষয়বস্তুসমূহ, সম্মেলনের অনুষ্ঠানসূচি এবং সম্মেলন বিষয়ক বিস্তারিত তথ্য পাওয়া যাবে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, কমিউনিটি স্বাস্থ্যকর্মীরা হলেন অপ্রশংসিত নায়ক এবং স্বাস্থ্যসেবা খাতে তাদের অবদান বিশ্বব্যাপী প্রচলিত। ১৯২০ দশকের প্রথম দিকে কমিউনিটি-ভিত্তিক স্বাস্থ্যকর্মীরা সর্বপ্রথম চীনে জন্ম-মৃত্যু নিবন্ধন কর্মসূচি, টিকাদান কর্মসূচি, প্রাথমিক স্বাস্থ্য সেবাদান কর্মকর্তাদের সঙ্গে যুক্ত হন। বর্তমানে কমিউনিটি-ভিত্তিক স্বাস্থ্যকর্মীরা 'দ্বিতীয় শ্রেণি'-এর সেবাদানকারী হিসেবে বাংলাদেশের মতো স্বল্প ও মধ্যম আয়ের দেশগুলোতে তাদের সেবা দেয়ার পদ্ধতির কারণে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছেন এবং সময়ের সঙ্গে সঙ্গে তাদের কাজের চাহিদাও বাড়ছে।

সম্মেলনটিতে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, জনস্বাস্থ্য ক্ষেত্রে কর্মরত ব্যক্তিবর্গ, গবেষণা প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয় থেকে আগত প্রতিনিধিদল পরস্পরের সঙ্গে স্থানীয় পর্যায়ের স্বাস্থ্যকর্মী-বিষয়ক অভিজ্ঞতা, জ্ঞান ও তথ্য বিনিময়ের সুযোগ পাবেন।

বাংলাদেশ সময়: ১৮৪৯ ঘণ্টা, জানুয়ারি ৩১, ২০১৯
এমএএম/এনটি